**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 18.06.2026** **Desk in Charge : S.D.G.**
**Time: 7-50 PM** **Edit. &Compile.:- DSS**
**DEO: KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ-এর অষ্টাদশ বিধানসভার প্রথম অধিবেশন আজ শুরু হয়েছে। # রাজ্যপাল তাঁর ভাষণে বর্তমান রাজ্য সরকারের অগ্রাধিকার, কর্মপরিকল্পনা এবং প্রশাসনিক রূপরেখা তুলে ধরেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শনিবার, হুগলি জেলার তারকেশ্বর 'পশ্চিমবঙ্গ দিবস'-এর অনুষ্ঠানে থেকে 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি' প্রকল্পের ২৩-তম কিস্তির টাকা প্রদান করবেন।

৩/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, বর্তমান সরকার রাজ্যে যোগ ও আয়ুষ-এর অন্যান্য ধারার চিকিৎসাকে মানুষের কাছে পৌঁছে দিতে প্রচার করবে। #আগামী রবিবার ২১শে জুন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আন্তর্জাতিক যোগ দিবসের প্রধান অনুষ্ঠান হবে কলকাতায়।

৪/ রাজ্যে এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল, প্রকাশিত হয়েছে। পাশের হার ৯৭ দশমিক সাত/চার শতাংশ।

৫/ দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাব এবং অনুকূল বায়ুপ্রবাহের কারণে উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা। # কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে আজ বৃষ্টির জেরে সাময়িক স্বস্তি।

****************************************************************************

রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ-এর অষ্টাদশ বিধানসভার প্রথম অধিবেশন আজ শুরু হয়েছে। রাজ্যপাল তাঁর ভাষণে নতুন বিজেপি সরকারের নীতিগত অগ্রাধিকার, আগামী দিনের কর্মপরিকল্পনা এবং প্রশাসনিক রূপরেখা তুলে ধরেন।

বিশেষ জোর দেওয়া হয়, আইন-শৃঙ্খলা, অনুপ্রবেশ রোধ, শিল্পায়ন, কর্মসংস্থান, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য এবং কেন্দ্রীয় প্রকল্প রূপায়নের উপর।

তিনি বলেন, নতুন সরকার রাজ্যে **আইনের শাসন** প্রতিষ্ঠা, সিন্ডিকেট রাজের অবসান এবং নারী-শিশুদের বিরুদ্ধে অপরাধদমনে 'শূন্য সহনশীলতা' নীতি গ্রহণ করেছে। **অবৈধ অনুপ্রবেশ** রুখতে সীমান্তে পরিকাঠামো উন্নয়ন, সীমান্ত বেড়া নির্মাণের জন্য জমি হস্তান্তর এবং চিহ্নিত অবৈধ অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর মতো পদক্ষেপের কথাও তিনি উল্লেখ করেন।

( **বাইট-** রাজ্যপাল/ অনুপ্রবেশকারী)

রাজ্যপালজানান, পশ্চিমবঙ্গকে ফের **শিল্পবান্ধব** রাজ্যে পরিণত করার লক্ষ্যে কাজ শুরু করেছে সরকার। সিঙ্গুরে নতুন শিল্পপার্ক, প্রতিরক্ষা শিল্পপার্ক এবং অশোকনগর তেলক্ষেত্রের উন্নয়নের মতো একাধিক প্রকল্পের কথা'ও তুলে ধরেন তিনি। অব্যবহৃত এবং বন্ধ শিল্প ইউনিটগুলিকে পুনরায় চালু করার  প্রক্রিয়া শুরু হয়েছে। শিল্প সংক্রান্ত জমি ব্যাঙ্ককে, শিল্পসাথী পোর্টালের সঙ্গে যুক্ত করা হচ্ছে। পাশাপাশি থমকে থাকা **রেল, মেট্রো ও জাতীয় সড়ক** প্রকল্পগুলির কাজ দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার আশ্বাস দিয়েছেন তিনি। **কৃষি ক্ষেত্রে** কৃষকবান্ধব নীতি, **শিক্ষাক্ষেত্রে** নিয়মিত টেট পরীক্ষা, শিক্ষক নিয়োগ, জাতীয় শিক্ষা  নীতি বাস্তবায়ন, PMশ্রী প্রকল্প এবং উত্তরবঙ্গে নতুন IIT ও IIM প্রতিষ্ঠার পরিকল্পনার কথাও রাজ্যপাল উল্লেখ করেন।

**মহিলাদের কল্যাণে অন্নপূর্ণা** যোজনার অধীনে মাসিক ৩ হাজার টাকা অনুদান এবং সরকারি বাসে মহিলাদের **বিনামূল্যে যাতায়াত**, আয়ুষ্মান ভারত, জনঔষধি কেন্দ্র সম্প্রসারণ, উত্তরবঙ্গে এইমস স্থাপনের মতো বিষয়টি'ও, রাজ্যপালের ভাষণে উল্লেখ করেন। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা, উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী কুসুম, খেলো ইন্ডিয়ার মতো আগে চালু না হওয়া কেন্দ্রীয় প্রকল্প, এবার রাজ্যে কার্যকর হবে।

একইসঙ্গে প্রধানমন্ত্রী আবাস যোজনার স্বচ্ছ বাস্তবায়ন এবং সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির সম্প্রসারণের প্রতিশ্রুতিও দেওয়া হয়েছে।

বিভিন্ন চ্যালেঞ্জএর মোকাবিলা করে পশ্চিমবঙ্গকে আবার দেশের অগ্রণী রাজ্যের মর্যাদা ফিরিয়ে দেওয়ার ব্যাপারে'ও প্রত্যয় ব্যক্ত করেন রাজ্যপাল।

উল্লেখ্য, এবারের অধিবেশনে আগামীকাল শোক প্রস্তাব গ্রহণ ও সোমবার রাজ্য বাজেট পেশ করা হবে। মঙ্গলবার থেকে পরবর্তী দুদিন, রাজ্যপালের অভিভাষণের ওপর আলোচনা হবে।

************************

এদিকে, বিধানসভায় আজ তৃণমূল কংগ্রেসের বিধায়করা দুটি ভাগে বিভক্ত হয়ে আসন গ্রহণ করেন। বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ ৫৮ জন বিধায়ক একদিকে বসেন, বাকি ১৪ জন বিধায়ক কিছুটা দূরত্ব বজায় রেখে বিরোধী বেঞ্চের অন্যদিকে বসেছিলেন। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন-

( ভিসি- অভিরূপ )

আগেই জানানো হয়েছে, ঋতব্রতকেই বিধানসভার বিরোধী দলনেতা হিসেবে নিয়োগের অধ্যক্ষের সিদ্ধান্ত-এর ওপর সাময়িক শীলমোহর দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২৮ শে জুলাই মামলার পরবর্তী শুনানি।

************************

রাজ্যপালের অভিভাষণে সিঙ্গুরে শিল্প পার্ক গড়ে তোলার যে কথা বলা হয়েছে, সে সম্পর্কে ডোমকলের সিপিআইএম বিধায়ক মুস্তাফিজুর রহমান সাধুবাদ জানিয়েছেন।

( বাইট- মুস্তাফির )

************************

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নিরাপত্তার দায়িত্বে থাকা কর্মীদের রদবদল নিয়ে আজ বিধানসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে কথা বলেন দলের পাঁচ

বিধায়ক। ছিলেন কুণাল ঘোষ, শোভনদেব চট্টোপাধ্যায়, মদন মিত্র, অশোক দেব ও রহিম বক্সী ।

পরে বৈঠককে ইতিবাচক উল্লেখ করে কুণাল ঘোষ সাংবাদিকদের জানান, রাজ্য সরকারের তরফে মমতা ব্যানার্জীকে জেড প্লাস ক্যাটাগরির নিরাপত্তা দেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। তবে এক্ষেত্রে পছন্দের নিরাপত্তা রক্ষী দেওয়া যাবে না বলেও স্পষ্ট জানিয়ে দিয়েছেন তিনি। বিধানসভায় তাঁদের আলাদা ঘর দেওয়া হবে বলে জানানো হয়েছে।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শনিবার বিশে জুন, হুগলি জেলার তারকেশ্বর 'পশ্চিমবঙ্গ দিবস'-এর অনুষ্ঠানে থেকে 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি' প্রকল্পের ২৩-তম কিস্তির টাকা প্রদান করবেন। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক সূত্রে জানা গেছে, সারা দেশের ৯'কোটি ৪৪ লক্ষের'ও বেশী কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ১৮ হাজার ৮৮০ কোটি টাকা পাঠানো হবে। ২'কোটি ১৮ লক্ষের বেশি মহিলা কৃষকও এই সুবিধাভোগীদের তালিকায় রয়েছেন। শুধুমাত্র পশ্চিমবঙ্গেই ৪৫ লক্ষ ৩৫ হাজারেরও বেশি কৃষক এই কিস্তি বাবদ ৯০৭ কোটি টাকা পাবেন বলে মন্ত্রক সূত্রে জানা গেছে।

২০19 এর ফেব্রুয়ারীতে এই প্রকল্প চালু হওয়ার পর থেকে এপর্যন্ত প্রায় সাড়ে চার লক্ষ কোটি টাকা প্রদান করা হল।

শ্রী মোদী এই উপলক্ষ্যে শনিবার পশ্চিমবঙ্গের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ কৃষি সহায়ক উদ্যোগেরও সূচনা করবেন। এর মধ্যে আছে 'প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা' ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বিমা প্রকল্প। এই প্রকল্পে ২০২৬-২৭ আর্থিক বছরে এক কোটি ১০ লক্ষের বেশী কৃষককে বিমার আওতায় আনা হবে।

কৃষকদের সহজে বিভিন্ন পরিষেবা দিতে 'ডিজিটাল কৃষি মিশন'-এর আওতায় 'এগ্রিস্ট্যাক'-এরও সূচনা করবেন প্রধানমন্ত্রী। রাজ্যে প্রাকৃতিক চাষের জন্য জাতীয় মিশন-এর'ও তিনি উদ্বোধন করবেন। এই মিশনের আওতায় ১৭ হাজার ৩০০

হেক্টর জমিতে ৩৪৬টি প্রাকৃতিক চাষের ক্লাস্টার খোলা হবে, উপকৃত হবেন ৪৩ হাজার কৃষক।

*************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, পূর্ববর্তী সরকারের আমলে রাজ্যে যোগ ও আয়ুষ চিকিৎসা অবহেলিত হয়েছিল। বর্তমান সরকার সেই ত্রুটি দূর করে সুস্থ জীবন বজায় রাখতে যোগের প্রচার করবে। তিনি আজ নবান্নে আন্তর্জাতিক যোগ দিবসের প্রাক্কালে আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদবের সঙ্গে এক যৌথ সাংবাদিক বৈঠকে একথা

আগামী রবিবার ২১শে জুন রেড রোডে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আন্তর্জাতিক যোগ দিবসের যে প্রধান অনুষ্ঠান হবে, তাকে কেন্দ্র করে আগামী তিন দিনের কর্মসূচি'ও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

( বাইট- শুভেন্দু / যোগা )

সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী প্রতাপ রাও যাদবও জানান, এবার আন্তর্জাতিক যোগ দিবসে দেশজুড়ে অভূতপূর্ব সাড়া মিলেছে।

( বাইট- প্রতাপ রাও )

*************************

রাজ্যে স্নাতক স্তরে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, আর্কিটেকচার এবং ফার্মাসি কোর্সে ভর্তির জন্য এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল, আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯৭ দশমিক সাত/চার শতাংশ। পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান প্রফেসর গৌতম পাল আজ বিধাননগরে বোর্ডের কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে ফল ঘোষণা করেন। সঙ্গে ছিলেন বোর্ডের রেজিস্ট্রার ডক্টর দিব্যেন্দু কর।

এবার প্রথম হয়েছেন নালন্দা অ্যাকাডেমি সিনিয়ার সেকেন্ডারি স্কুলের শাশ্বত ব্যানার্জী। দ্বিতীয় হয়েছেন জোকার বিবেকানন্দ মিশন স্কুলের সৌরিদ্ধ মন্ডল এবং তৃতীয় স্থান অধিকার করেছেন দুর্গাপুরের পূরভ ইন্টারন্যাশনাল স্কুলের উমঙ্গ ভুট।

২৯শে জুন কাউন্সিলিং শুরু হবে।

*************************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাব এবং অনুকূল বায়ুপ্রবাহের কারণে উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা থাকলেও দক্ষিণ বঙ্গে আগামী দু'দিন আদ্র ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তাপমাত্রাও কিছুটা বাড়তে পারে। তবে, কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে আজ বৃষ্টির জেরে সাময়িক স্বস্তি।

**********************************************************************